

ভবিষ্যৎ পরিকল্পনা:

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ডু-উপরিস্থ ও বৃষ্টির পানির ব্যবহার বৃদ্ধি, ফসল উৎপাদনে পানি সাশ্রয়ী প্রযুক্তির ব্যবহার, মানসম্পন্ন বীজ উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, বসতবাড়ির আঞ্জিনায় ও পতিত জমিতে সবজি চাষাবাদ করে পারিবারিক পুষ্টির প্রাপ্যতা নিশ্চিতকরণ সহ জমির ব্যবহার বৃদ্ধি, ডাল, তেল ও মসলা ফসল আবাদ বৃদ্ধি, ফসলের বহুমুখিতা ও নিবিড়তা বৃদ্ধি, কর্মকর্তা ও কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধি, ই-কৃষির প্রবর্তনসহ আধুনিক কৃষি যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

১. ২০২৪-২৫ অর্থ বছরে মোট খাদ্য শস্য উৎপাদন ৫৫৮০ মে.টনে (চাল) উন্নীতকরণ;
২. আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ৫৫০ টি প্রদর্শনী স্থাপন;
৩. উন্নয়ন সহায়তার মাধ্যমে আধুনিক কৃষি যন্ত্রপাতি বিতরণ;
৪. হাইব্রিড ও উফশী জাতের আবাদ সম্প্রসারণ;
৫. মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব পদার্থের ব্যবহার বৃদ্ধিকরণ; এবং পুষ্টি চাহিদা মেটাতে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন।